

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রান প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, বিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

১৫ জ্যৈষ্ঠ ১৪২৬

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.২০.০০৫.১১-৩০৭

তারিখঃ ২৯ মে ২০১৯

বিষয় : বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্রাটুন ও ইউনিয়ন আনসার প্রাটুন সদস্য-সদস্যাদের (স্বেচ্ছাসেবী) নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০১৭ এর আংশিক সংশোধন/সংযোজন/বাতিল প্রসঙ্গে।

সূত্র : সদর দপ্তর অপারেশন্স শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.২০.০০১.১১-৮৪৯, তারিখঃ ১০/১২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রপত্র মূলে জারীকৃত বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্রাটুন ও ইউনিয়ন আনসার প্রাটুন সদস্য-সদস্যাদের (স্বেচ্ছাসেবী) নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০১৭ এর নিম্নবর্ণিত বিষয়সমূহ আংশিক সংশোধন/সংযোজন/বাতিল করা হলো।

ক্রমিক নং/অনুচ্ছেদ	আছে	হবে
ক্রমিক নং-০৬ এর অনুচ্ছেদ- (ক) (নিয়োগের মেয়াদ)	(ক) উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার/উপজেলা মহিলা আনসার প্রাটুন কমান্ডার/সহকারী প্রাটুন কমান্ডার এবং ইউনিয়ন আনসার প্রাটুন কমান্ডারদের নিয়োগের মেয়াদকাল হবে ০৫ (পাঁচ) বছর। বিশেষ বিবেচনায় পূর্ববর্তী কর্তব্যকাল/দায়িত্বকাল সন্তোষজনক বিবেচিত হলে জেলা কমান্ডারের সুপারিশের ভিত্তিতে রেঞ্জ কমান্ডার পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য পুনরায় নিয়োগ দিতে পারবেন (০২ বারের অধিক নয়)। পরবর্তীতে পুনঃনিয়োগের প্রয়োজন হলে সদর দপ্তর অপারেশন্স শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তবে ভূগমূল নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে কোনক্রমেই একজনকে ২৫ (পঁচিশ) বছরের বেশী সময় পদে রাখা যাবে না। বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্রাটুন ও ইউনিয়ন আনসার প্রাটুনভুক্ত সদস্য-সদস্যাদের দায়িত্ব পালনের সর্বোচ্চ বয়সসীমা হবে ৫০ (পঁচাশ) বছর।	ক) উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার/উপজেলা মহিলা আনসার প্রাটুন কমান্ডার/সহকারী প্রাটুন কমান্ডার এবং ইউনিয়ন আনসার প্রাটুন কমান্ডারদের নিয়োগের মেয়াদকাল হবে ০৫ (পাঁচ) বছর। বিশেষ বিবেচনায় পূর্ববর্তী কর্তব্যকাল/দায়িত্বকাল সন্তোষজনক বিবেচিত হলে জেলা কমান্ডারের সুপারিশের ভিত্তিতে রেঞ্জ কমান্ডার পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য পুনরায় নিয়োগ দিতে পারবেন (০২ বারের অধিক নয়)। পরবর্তীতে পুনঃনিয়োগের প্রয়োজন হলে সদর দপ্তর অপারেশন্স শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তবে ভূগমূল নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে কোনক্রমেই একজনকে ২৫ (পঁচিশ) বছরের বেশী সময় পদে রাখা যাবে না। বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা/থানা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্রাটুন ও ইউনিয়ন আনসার প্রাটুনভুক্ত সদস্য-সদস্য ও কমান্ডারদের দায়িত্ব পালনের সর্বোচ্চ বয়সসীমা হবে ৫১ (উনষাট) বছর।
ক্রমিক নং-০৬ এর অনুচ্ছেদ- (খ) (নিয়োগের মেয়াদ)	(খ) বর্তমানে নিয়োজিত (যদি থাকে) সকল উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্রাটুন ও ইউনিয়ন আনসার প্রাটুনের সদস্য-সদস্যগণ এ নীতিমালার আওতায় নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং এ নীতিমালার অনুচ্ছেদ ৬(ক) অনুযায়ী ৫০ (পঁচাশ) বছর বয়সকাল পর্যন্ত কর্মরত থাকবেন।	খ) বর্তমানে নিয়োজিত (যদি থাকে) সকল উপজেলা আনসার কোম্পানী, উপজেলা/থানা আনসার প্রাটুন ও ইউনিয়ন আনসার প্রাটুনের সদস্য-সদস্য ও কমান্ডারগণ এ নীতিমালার আওতায় নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং এ নীতিমালার অনুচ্ছেদ ৬(ক) অনুযায়ী ৫১ (উনষাট) বছর বয়সকাল পর্যন্ত কর্মরত থাকবেন।

ক্রমিক নং-০৬ এর অনুচ্ছেদ-(গ) (নিয়োগের স্বেচ্ছা)	(গ) উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্রাটুন ও ইউনিয়ন আনসার প্রাটুনের সদস্য-সদস্যা হিসেবে ২৫ বছর নিয়োগকাল অথবা বয়স ৫০ (পঞ্চাশ) বছর পূর্তি, দু'টির মধ্যে যেটি আগে সংঘটিত হয় তার ভিত্তিতে নিয়োগ অবসান হবে।	(গ) উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্রাটুন ও ইউনিয়ন আনসার প্রাটুনের সদস্য-সদস্যা-কমান্ডার হিসেবে ২৫ বছর নিয়োগ কাল অথবা বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তি, দু'টির মধ্যে যেটি আগে সংঘটিত হয় তার ভিত্তিতে নিয়োগ অবসান হবে।
ক্রমিক নং-০৮ এর অনুচ্ছেদ (ক) (নিয়োগ কালীন বয়স)	পুরুষ/মহিলাঃ ২০-৩৫ বৎসর	পুরুষ/মহিলাঃ ২৫-৪০ বছর। (কেবলমাত্র বর্তমানে কর্মরত সদস্য-সদস্যা-কমান্ডারদের নিয়োগ কালীন বয়সসীমা শিথিলযোগ্য; ২৫-৫৮ বৎসর)
ক্রমিক নং-০৮ এর অনুচ্ছেদ (চ) (প্রশিক্ষণ)	আনসার মৌলিক প্রশিক্ষণ	আনসার মৌলিক প্রশিক্ষণ। (কেবলমাত্র ০৯/০৬/১৯ খ্রিঃ তারিখের মধ্যে কমান্ডারের শূণ্যপদ পূরণের ক্ষেত্রে আনসার মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত কাউকে না পাওয়া গেলে ভিডিপি/টিডিপি মৌলিক প্রশিক্ষণ প্রাপ্তদের বিবেচনা করা যাবে)।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারী করা হলো।

- ১। উপ-মহাপরিচালক/পরিচালক (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.....রেঞ্জ।
- ২। জেলা কমান্ড্যান্ট (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.....।

I

মাহবুব উল ইসলাম
উপ-মহাপরিচালক (অপারেশন্স)
ফোন নম্বরঃ ৪৭২১৪৯২৩

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.২০.০০৫.১৯-৩০৭

১৫ জ্যৈষ্ঠ ১৪২৬
তারিখঃ
২৯ মে ২০১৯

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের সচিবালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, ঝিলগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, ঝিলগাঁও, ঢাকা।
- ৩। উপ-মহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/অপারেশন্স)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, ঝিলগাঁও, ঢাকা।
- ৪। উপ-মহাপরিচালক, আনসার-ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
- ৬। অধিনায়ক, ভিটিসি/টিটিসি (সকল)
.....।
- ৭। আইসিটি শাখা
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, ঝিলগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য।

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েব সাইটে এই চিঠি প্রকাশের জন্য বলা হলো।